

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.৯৬.০০১.১৫-১০৭ /২

তারিখ: ২১ মার্চ, ২০১৮
০৭ চৈত্র, ১৪২৪

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের ২য় পর্যায়ে বাস্তবায়িতব্য 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান' কর্মসূচির উপজেলাওয়ারী শ্রমিক মজুরী, সরদার মজুরী, নন-ওয়েজ কস্ট এর বিভাজনমতে অর্থ ছাড়করণ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৮-০৪ তারিখঃ ১৭/০১/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগের সম্মতিক্রমে ২০১৭-১৮ অর্থ বছরের ২য় পর্যায়ে বাস্তবায়িতব্য 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান' কর্মসূচির আওতায় সারাদেশে ৪৮৯ টি উপজেলার ৯ লক্ষ ৬৭ হাজার ৫১ জন শ্রমিকের বিপরীতে ৭৮০ কোটি ৩১ লক্ষ ৭ হাজার ১ শত ৫০ টাকার শ্রম মজুরী, ৪১ কোটি ৬ লক্ষ ৮৯ হাজার ৮ শত ৫০ টাকার নন-ওয়েজ কস্ট ও ৬ কোটি ৬৬ লক্ষ ৯৬ হাজার টাকা শ্রমিক সরদার মজুরী অর্থাৎ সর্বমোট ৮২১ কোটি ৩৭ লক্ষ ৯৭ হাজার টাকার উপজেলাওয়ারী বিভাজন নিয়োক্ত শর্ত সাপেক্ষে তাঁর অনুকূলে ছাড় করা হলো (বিভাজন সংযুক্ত)। 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি' নির্দেশিকামতে বিভাজনে বর্ণিত সুবিধাভোগীর সংখ্যা অনুযায়ী শ্রমিক মজুরী, সরদার মজুরী, নন-ওয়েজ কস্ট অর্থ প্রত্যেক জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর বরাদ্দ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


শর্তাবলী:

- ছাড়কৃত অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- এ অর্থ ছাড়ের জন্য জারীকৃত সরকারি আদেশে বিস্তারিত ব্যয় বিভাজন উল্লেখ করতে হবে এবং উক্ত আদেশে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন গ্রহণ করতে হবে; এবং
- নীতিমালা বহির্ভূত কোন ব্যয় করা যাবে না।

২। ইজিপিপি কর্মসূচীর অর্থ ছাড়ের শর্তাবলী অনুসরণপূর্বক প্রতিমাসে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩। আগামী ২১ মার্চ, ২০১৮ হতে ২১ মে ২০১৮ পর্যন্ত এ কর্মসূচির ২য় পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের সময়সীমা বলবৎ থাকবে।

সংযুক্তঃ ১১ (এগার) পাতা।



(মোঃ শাহজাহান)

সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)

ফোনঃ ৯৫৪৫৮৬৯

asr1@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

7/10/20

নং-৫১.০০.০০০০.৪২১.৯৬.০০১.১৫-১০৭/১(১০)

তারিখ: ২১-০৩-২০১৮ খ্রিঃ

অনুলিপি-সদয় অবগতি ও কাযার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, SMoDMRPA প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি প্রাপকের বরাবর ই-মেইলে প্রেরণের অনুরোধসহ।
- ৮। অতিরিক্ত সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অফিস কপি।
- ১০। মাষ্টার কপি।



(মোঃ শাহজাহান)

সিনিয়র সহকারী সচিব (ত্রাণ-১)